

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৭.০১৮.০০.০০.০১২.২০১১(অংশ-১)-৬২৬

তারিখ : ০২ চৈত্র, ১৪২২ বঙ্গাব্দ।
১৬ মার্চ, ২০১৫ খ্রিঃ।

বিষয়ঃ ফরিদপুর জেলার বোয়ালমারী উপজেলারধীন ১০ নং ময়না ইউনিয়ন ও মাগুরা জেলার মোহাম্মদপুর উপজেলাধীন ৬ নং মোহাম্মদপুর ইউনিয়নের সীমানা নির্ধারণ বিষয়ে মহামান্য হাইকোর্টে রীট পিটিশন নং-১১০৭/২০১৬ দায়ের হওয়ায় উক্ত ইউনিয়ন পরিষদ দু'টির নির্বাচন স্থগিত রাখার আবেদন।

সূত্র : জনাব মো: নায়েব আলী পিতা: মো: করিম মোল্লা, মুরাইল পশ্চিম খন্ড, ৮১, মোহাম্মদপুর, মাগুরা এর আবেদন তারিখ ২৪/০২/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে জনাব মো: নায়েব আলী, পিতা: মো: করিম মোল্লা, মাতা: মোছা: আছিয়া বেগম, মুরাইল পশ্চিম খন্ড, ৮১, মোহাম্মদপুর, মাগুরা এ বিভাগের সচিব মহোদয় বরাবর আবেদন করে জানান যে, সর্বশেষ উপজেলা নির্বাচনে ভোটের তালিকায় ফরিদপুর জেলার বোয়ালমারী উপজেলাধীন ১০ নং ময়না ইউনিয়ন ও মাগুরা জেলার মোহাম্মদপুর উপজেলাধীন মোহাম্মদপুর ইউনিয়নের ৫টি মৌজা যথাক্রমে-৮১ মুরাইল পশ্চিমখন্ড, ৮৪ জাঙ্গালিয়া, ৮৫ রুইজানি, ৮২ ধুপুরিয়া ও ৮৩ পশ্চিম চরবন্নি এলাকা ফরিদপুর জেলাধীন হলেও ভুলক্রমে মাগুরা জেলাধীন এলাকাভুক্ত ভোটের তালিকা প্রস্তুত হয়। ফলে উক্ত মৌজার নিবাসী জনাব মো: নায়েব আলী সীমানা নির্ধারণ ও ভোটের তালিকা চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং- ১১০৭/২০১৬ দায়ের করেন। উক্ত রিটের শুনানী-অন্তে ১৪ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখে নিম্নরূপ আদেশ প্রদান করা হয়েছে(সার্টিফাইড কপি সংযুক্ত)ঃ


"Let a Rule issue calling upon the Respondents to show cause as to why the respondents should not be directed to demarcate the territorial Jurisdiction of the area of Mouza-Murail Paschim Khonda, Jangalia, Ruijani, Dupuria and West Char Borni under Union Moyna, P.S. Boalmari, District-Faridpur and to prepare correct voter list and B.S. record as per Gazette Notification vide Memo No. GAI-339/60-2224-11 December, 1961 (published on 21.12.1961) (Annexure-B) and/or such other or further order or orders passed as to this Court may seem fit and proper.

The Rule is made returnable within 4(four) weeks from date.

The petitioner is directed to put in requisites for service of notice upon the respondents in usual course and through registered post."

০২. এমতাবস্থায়, রীট পিটিশন নং-১১০৭/২০১৬ সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে দফাওয়ারী জবাব স্থানীয় সরকার বিভাগের আইন অধিশাখায় প্রেরণ নিশ্চিত করে ইউপি-১ শাখাকে অবহিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।


(শরীফা আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক
মাগুরা।

অনুলিপি :।

সহকারী প্রোগ্রামার,

স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগেরওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

D:\DOCUMENT\WRITE\LETER.doc-122